



## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

পরিচালকের দপ্তর

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।



নথি নং- ৩০.৩১.১৫০০.৫১১.০৭.০০১.২২.

তারিখ: ২০/১০/২০২২খ্রি:।

### সংশোধিত স্পট নিলাম বিজ্ঞপ্তি

সিএএবি, সদর দপ্তরের স্বারক নং-৩০.৩১.০০০০.২৩১.০৬.০১৮.২২/৫৪০, তারিখ-২১/০৯/২০২২খ্রি: অনুযায়ী শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ আবাসিক এবং অন্যান্য (এয়ারসাইড ব্যতিত) এলাকায় পুরাতন, ব্যবহারের অযোগ্য ৩৫টি ভবন/স্থাপনাসমূহ জরুরী ভিত্তিতে স্পট নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী সকল ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১২/১০/২০২২খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের হিসাব শাখায় আবেদন পত্রের মাধ্যমে উক্ত স্পট নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী উল্লেখ পূর্বক জাতীয় পরিচয়পত্র (প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠান প্রধানের) জমা করে নিলাম রেজিষ্টারে নাম অন্তর্ভুক্ত করে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নগদ/পে-অর্ডারের মাধ্যমে অগ্রীম জামানত হিসাবে (পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এর অনুকূলে) জমা করে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল।

### শর্ত সমূহ

- ১। স্পট নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের সম্পত্তি শাখার সহিত যোগাযোগ করে উল্লেখিত ভবন/স্থাপনা সমূহ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন।
- ২। কোন অবস্থায় একই ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ী একের অধিক নাম অন্তর্ভুক্ত করিতে পারিবে না।
- ৩। স্পট নিলাম ডাক, সিএএবি আবাসিক এলাকাস্থ প্রকৌশল ভবনে ১২/১০/২০২২খ্রি: তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- ৪। নিলাম ডাকে সর্বোচ্চ প্রদত্ত দরদাতার দর গ্রহণ করা হবে। সিএএবি, সদর দপ্তর কর্তৃক নির্ধারিত মূল্যের নিম্ন দর গ্রহণ করা হবে না।
- ৫। ১ম, ২য়, ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত জমা রাখার পর অবশিষ্টদের জামানত নিলাম ডাক শেষে ফেরৎ প্রদান করা হবে।
- ৬। নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতার অনুকূলে উল্লেখিত ৩৫টি ভবন/স্থাপনাসমূহ অপসারণের সময়সীমা উল্লেখ পূর্বক নিলাম ডাকের সমুদয় মূল্য, আয়কর ১০%, ভ্যাট ৭.৫% জমা প্রদানের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ৭। সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে সমুদয় মূল্য, ভ্যাট ও আয়কর অত্র দপ্তরের হিসাব শাখায় জমা প্রদান করিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত হবে।
- ৮। জামানতের টাকা নিলামের টাকার সহিত সমন্বয় করা হবে না। ভবন/স্থাপনাসমূহ অপসারণ করে নেওয়ার পরে জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।
- ৯। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে ভবন/স্থাপনাসমূহ অপসারণে ব্যর্থ হলে প্রতি মাসের জন্য উল্লেখিত দরের ২.৫% হারে জরিমানা ধার্য হবে।
- ১০। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইহাতে দরপত্রে ডাক গ্রহণকারী কোন প্রকার ওজর আপত্তি/আইন আদালতের আশ্রয় নিতে পারবে না। নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। নিলাম গ্রহণকারীকে তাহার সম্পূর্ণ নিজ দায়িত্বে/ নিজ ব্যায়ে ভবন/স্থাপনাসমূহ সেফটি রুল মেনে ডেঙ্গে নিয়ে যেতে হবে। ভবন ভাঙ্গার সময় কেহ আহত/নিহত হলে এর দায় দায়িত্ব সিএএবি কর্তৃপক্ষ বহন করবে না।
- ১২। ভবন/স্থাপনাসমূহ ভাঙ্গার সময় সিএএবির কোন স্থাপনা/সম্পদের ক্ষতি সাধন করা যাবে না। কোন ক্ষতি সাধন করা হলে তা ডাক গ্রহণকারী কর্তৃক ক্ষতিপূরণ প্রদান অথবা নিজস্ব ব্যায়ে পুন: নির্মাণ করে দিতে হবে।
- ১৩। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নহে এরূপ কোন জটিলতা বা কোন অনাকাঙ্ক্ষিত জটিলতা সৃষ্টি হলে দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(উইং কমান্ডার মো: ফরহাদ হোসেন খান, পিএসসি)

পরিচালক

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।